# Times Today BD

সিনিয়র রিপোর্টার | দেশজুড়ে | 15 May, 2025

উপদেষ্টা মাহফুজ আলমের ওপর বোতল নিক্ষেপের ঘটনায় নিন্দা জানিয়েছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ফয়েজ আহমদ তৈয়ব।গতকাল বুধবার মধ্যরাতে ফেসবুক পোস্টে এ নিন্দা জানান তিনি।

ফেসবুক পোস্টে ফয়েজ আহমদ লিখেছেন, "'৭১ প্রশ্নটি আপসযোগ্য নয়–এমন সৎ উচ্চারণের কারণে মাহফুজ আলমের ওপরে বর্বর ভাষায় আক্রমণ হয়েছে।তাঁকে হত্যার হুমকি দেওয়া হয়েছে।প্রতীকী পশু বলি দেওয়া হয়েছে।এমন জঘন্য কাজের পরে আজ তাঁর ওপর টার্গেটেড হামলা হয়েছে।সরাসরি মাথায় এ রকম হামলা ব্যক্তির মৃত্যুর কারণ ঘটাতে পারে বলেই বিশেষজ্ঞ চিকিৎসকেরা জানাচ্ছেন।"

বিশেষ সহকারী আরও লেখেন, "জুলাই গণ-অভ্যুত্থানের সর্বজন শ্রদ্ধেয় ছাত্রনেতা এবং একই সঙ্গে আমার সম্মানিত সহকর্মী হিসেবে, তাঁর ওপর ক্রমাগত আক্রমণ হামলা এবং হত্যাচেষ্টার নিন্দা জানাই।"

প্রসঙ্গত, বুধবার রাত ১০টার দিকে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের তিন দফা দাবিতে আন্দোলনের বিষয়ে কথা বলার সময় অন্তর্বর্তী সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. মাহফুজ আলমের মাথায় পানির বোতল ছুড়ে মারার ঘটনা ঘটে।

বোতল নিক্ষেপের ঘটনার পর মাহফুজ আলম বলেন, "যারা আমার সঙ্গে জুলাই আন্দোলন করেছে, তারা এ হামলা করেনি।হামলা করেছে যারা এ আন্দোলনে ছিল না।আমরা শুধু এতটুকু বলতে চাই, আজকে থেকে 'চল চল যাই যমুনায় যাই' কর্মসূচি আর হতে দেওয়া হবে না। এই রাজনীতি আমরা আর হতে দেব না।আমরা এক্ষেত্রে শক্ত ভূমিকায় উত্তীর্ণ হব।শিক্ষার্থীদের ভেতরে যারা এ কর্মকাণ্ড করেছে, তারা অনেক ভুল করেছে।তারা সাবোটাজ করার অভিপ্রায় নিয়ে এখানে এসেছে।শিক্ষার্থীদের উচিত তাদের আলাদা করে রাখা এবং তাদের চিহ্নিত করার ক্ষেত্রে প্রশাসনকে সহযোগিতা করা।"

উপদেষ্টা মাহফুজ আলম আন্দোলন রাজনীতি প্রধান উপদেষ্টা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 01:23

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/5513592502